

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯৩/২০২২-২০২৩
ময়মনসিংহ, ০৪ জানুয়ারি, বুধবার ২০২৩, ২০ পৌষ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। বাংলাদেশ পুলিশকে বিশ্বমানের স্মার্ট পুলিশ হিসেবে গড়ে তোলা হবে: প্রধানমন্ত্রী
- ০২। নতুন মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন
- ০৩। সৈয়দ আশরাফুল ইসলাম ছিলেন স্বচ্ছ রাজনীতির প্রতীক: সংস্কৃতি প্রতিমন্ত্রী
- ০৪। ময়মনসিংহের গফরগাঁওয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত
- ০৫। নেত্রকোনা জেলা প্রশাসনের উদ্যোগে তৃতীয় লিঙ্গ সম্প্রদায়ের সদস্যদের মাঝে শীতবস্ত্র বিতরণ

০১। বাংলাদেশ পুলিশকে বিশ্বমানের স্মার্ট পুলিশ হিসেবে গড়ে তোলা হবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ পুলিশকে জ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তিতে বিশ্বমানের 'স্মার্ট পুলিশ' হিসেবে গড়ে তোলার অঙ্গীকার করে সেবার মাধ্যমে জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করতে তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। মঙ্গলবার (০৩ জানুয়ারি) সকালে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে ছয় দিনব্যাপী পুলিশ সপ্তাহ-২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক সবুজ।

০২। নতুন মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন

নতুন মন্ত্রিপরিষদ সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. মাহবুব হোসেন। মঙ্গলবার (০৩ জানুয়ারি) তাকে এ নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। মাহবুব হোসেন দেশের ২৪তম মন্ত্রিপরিষদ সচিব হচ্ছেন। তিনি কবির বিন আনোয়ারের স্থলাভিষিক্ত হলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক দিনের পালা, দৈনিক দিগন্ত বাংলা ও দৈনিক সবুজ।

০৩। সৈয়দ আশরাফুল ইসলাম ছিলেন স্বচ্ছ রাজনীতির প্রতীক: সংস্কৃতি প্রতিমন্ত্রী

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেছেন, সৈয়দ আশরাফুল ইসলাম ছিলেন একজন কীর্তিমান পুরুষ। তিনি ছিলেন স্বচ্ছ রাজনীতির প্রতীক। মঙ্গলবার (০৩ জানুয়ারি) বিকালে ময়মনসিংহের টাউন হল শহীদ মিনার প্রাঙ্গণে ময়মনসিংহ জেলা আওয়ামী লীগ আয়োজিত বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মরহুম সৈয়দ আশরাফুল ইসলামের ৪র্থ মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ, দৈনিক দিনের পালা, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক কিশোরের দেশ, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দেশের খবর, দৈনিক সবুজ ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৪। ময়মনসিংহের গফরগাঁওয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত

মঙ্গলবার (০৩ জানুয়ারি) দুপুরে গফরগাঁও উপজেলা পরিষদ মিলনায়তনে ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমানের সাথে গফরগাঁও উপজেলার কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক, মসজিদের ইমাম, শিক্ষক, সুশীল সমাজের প্রতিনিধিদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বক্তাগণ গফরগাঁওয়ের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনার কথা তুলে ধরেন এবং ময়মনসিংহ জেলা প্রশাসক সমস্যা সমাধানে ও সম্ভাবনা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দেশের খবর ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৫। নেত্রকোনা জেলা প্রশাসনের উদ্যোগে তৃতীয় লিঙ্গ সম্প্রদায়ের সদস্যদের মাঝে শীতবস্ত্র বিতরণ

মঙ্গলবার (০৩ জানুয়ারি) নেত্রকোনা জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে অসহায় তৃতীয় লিঙ্গ সম্প্রদায়ের সদস্যদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শীতবস্ত্র বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন নেত্রকোনা জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিশ। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** নতুন বছর ২০২৩'এ বিশ্বের এক তৃতীয়াংশ দেশ অর্থনৈতিক সংকটের মুখোমুখি হবে বলে সতর্ক করেছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। দেশের অর্থনৈতিক সংকট এড়াতে কর্তৃপক্ষ কার্যকর ব্যবস্থা নিবেন, এটাই প্রত্যাশা।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** অসহায় শীতর্তদের সার্বিক সহায়তার বিষয়টি সংশ্লিষ্টরা মাথায় রাখবেন, সে অনুযায়ী ব্যবস্থা নেবেন, এটাই প্রত্যাশা।
- (গ) **দৈনিক স্বজন, দৈনিক দেশের খবর, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক দিগন্ত বাংলা ও দৈনিক কিশোর দেশ:** যখন শৈত্যপ্রবাহ চলে তখন দরিদ্র মানুষের, বিশেষত উত্তরাঞ্চলের কয়েকটি জেলার মানুষদের চরম দুর্ভোগ পোহাতে হয়। তাই শীতের শুরুতেই দরিদ্রদের মাঝে শীতবস্ত্র, খাদ্য ও ওষুধসহ বিভিন্ন ত্রাণসামগ্রী বিতরণ করা প্রয়োজন।
- (ঘ) **দৈনিক আজকের ময়মনসিংহ:** বাংলাদেশ প্রবেশ করেছে আধুনিক গণপরিবহন মেট্রো যুগে। মেট্রোরেল রাজধানীতে বসবাসকারী নাগরিকদের প্রতিদিনের জীবনযাত্রায় আনবে আমূল পরিবর্তন।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। মঞ্জালালোকে হোক অভ্যুদয়- নাজনীন বেগম (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। মুছে যাক গত বছরের সব গ্লানি- ড. সৈয়দ আনোয়ার হোসেন (দৈনিক স্বজন, দৈনিক দেশের খবর, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক দিগন্ত বাংলা ও দৈনিক কিশোর দেশ)
- ০৩। পাহাড়ি এলাকার ভূমি ব্যবহার পরিকল্পনা- কবির উদ্দিন (দৈনিক আজকের ময়মনসিংহ)
- ০৪। রাষ্ট্র বিনির্মাণ করতে হয়, মেরামত নয়- মমতাজউদ্দিন পাটোয়ারী (দৈনিক সবুজ)

#